



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.tmed.gov.bd

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০১.১৮-১৪

তারিখঃ ২৮ পৌষ ১৪২৭ ব.  
১২ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ এ.টি নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতাকরণে জবাব দাখিল সংক্রান্ত।

সূত্র:	(১) টিএমইডি'র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০১২.২০১৫-২৬৬,	তারিখ: ১৯/০৩/২০১৭ খ্রি
	(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০১.(এ.টি).১৮-১৮১,	তারিখ: ১৩/০৯/২০১৮ খ্রি
	(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০১.(এ.টি).১৮-১০৮,	তারিখ: ১৯/০২/২০১৯ খ্রি
	(৪) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২০.পলি (এটি-১৭)-১৮৯৯,	তারিখ: ০২/০৩/২০২০ খ্রি.
	(৫) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০১.১৮-১৪৮,	তারিখ: ১৯/০৩/২০২০ খ্রি
	(৬) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২০.পলি (এটি-১৭)-২৩০৩,	তারিখ: ১৮/১১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন টাঙ্গাইল পলিটেকনিক ইন্সটিটিউট এর অধ্যক্ষ (সাবেক অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট) প্রকৌশলী জনাব মো: লুৎফর রহমান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩(ডি) অনুযায়ী চাকুরী থেকে বরখাস্ত (dismissal from service) করে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে গত ১৯/০৩/২০১৮ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে প্রজ্ঞাপন করা হয়।

২। উক্ত স্মারকের বিরুদ্ধে প্রকৌশলী জনাব মো: লুৎফর রহমান কর্তৃক চাকুরী হতে বরখাস্তের গুরুদণ্ডটি রদ, রহিদ এবং বাতিল করে বিধি মোতাবেক সকল বকেয়া বেতন ভাতা ও পদোন্নতি প্রদানসহ চাকুরীতে পুনঃবহাল করার আদেশপ্রাপ্তির জন্য বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় এ.টি মামলা নং-২০১/২০১৮ দায়ের করা হয়। আলোচ্য মামলায় শুধুমাত্র সচিব, টিএমইডি-কে প্রতিপক্ষ করা হয়েছে।

৩। উক্ত মামলার বিষয়ে সরকার পক্ষে প্রতদ্বন্দিতার করার জন্য টিএমইডি হতে ১৩/৯/২০১৮ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে ডিজি, ডিটিই বরারব কতিপয় নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করা হয়। তৎপরবর্তীতে এ.টি নং- ২০১/১৮ মামলায় প্রতিদ্বন্দিতার বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেবিষয়ে Specific ভাবে তথ্য প্রেরণ করার জন্য ১৯/২/১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে ডিজি, ডিটিই বরারবর পুনরায় পত্র প্রেরণ করা হয়।


৪। তৎপ্রেক্ষিতে ডিটিই'র বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক এ.টি নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) মামলায় সরকার পক্ষের জবাব প্রস্তুতপূর্বক সচিব মহোদয়ের সদয় অবলোকনসহ স্বাক্ষর প্রদানের নিমিত্তে ০২/৩/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকের মাধ্যমে টিএমইডি-তে প্রেরণ করা হয়।

৫। ডিটিই কর্তৃক প্রস্তুতকৃত জবাব পর্যালোচনায় কতিপয় ত্রুটি পরিলক্ষিত হয়। উক্ত ত্রুটিসমূহ সংশোধন তথা যথাযথ আইন/বিধির ধারা বা উপধারা উল্লেখক্রমে পুনরায় জবাব প্রস্তুত করে প্রেরণের জন্য টিএমইডি হতে ১৯/০৩/২০২০ খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে ডিজি, ডিটিই-কে অনুরোধ জানানো হয়।

৬। তৎপ্রেক্ষিতে ডিটিই কর্তৃক এ.টি মামলা নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) মামলায় সরকার পক্ষের জবাব পুনরায় প্রস্তুত করে তা অবলোকনপূর্বক সদয় অনুমোদনের জন্য ১৮/১১/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৬) নং পত্রমূলে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য উক্ত এ.টি মামলায় আগামী ২৬/০১/২০২১ খ্রি. তারিখ শুনানীর জন্য ধার্য রয়েছে মর্মে ডিটিই'র পত্রে উল্লেখ রয়েছে।

৭। এমতাবস্থায়, এ.টি নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) মামলায় ডিটিই কর্তৃক প্রস্তুতকৃত এবং সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত সরকার পক্ষের জবাব পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: এ.টি নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) মামলার জবাব-১০ পাতা।

  
(মাহমুদুর রহমান)  
উপসচিব (অডিট ও আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্ঞেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস কপি/মাষ্টার কপি।